

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৫৬

আগরতলা, ১৫ অক্টোবর, ২০২৩

সেবার মানসিকতা নিয়ে রাজ্য সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

মানুষের সেবা করাই বর্তমান সরকারের মূল মন্ত্র। রাজ্য সরকার সেবার মানসিকতা নিয়েই কাজ করছে। আজ আইজিএম চৌমুহনিস্থিত যক্ষ্মা অ্যাসোসিয়েশন হলে লিগ্যাল সেল আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদান হচ্ছে মহৎ দান। একজন রক্তদাতা একজন মুমূর্ষু মানুষের জীবন বাঁচাতে পারেন। তাছাড়াও তার দান করা রক্ত পৃথকীকরণের মাধ্যমে আরও তিন চারজন মানুষের জীবনও বাঁচানো যায়। বিধানসভা নির্বাচনের সময় রাজ্যে রক্তের কিছুটা ঘাটতি দেখা দিলেও বর্তমানে স্বৈচ্ছা রক্তদানের ক্ষেত্রে মানুষ সচেতন হয়েছেন।

মুখ্যমন্ত্রী বলেন, রক্তের কোনও ধর্ম নেই। নিজের পরিবারের মানুষের মধ্যে অনেক সময় রক্তের মিল থাকে না। কিন্তু অপরিচিতের সাথে রক্তের মিল খুঁজে পাওয়া যায়। এথেকেই প্রমাণিত হয় আমরা সবাই এক। রক্তদানের মাধ্যমে অন্যের জীবন বাঁচানো যেমন সম্ভব পাশাপাশি রক্তদান করলে নিজের মধ্যে এক আত্মিক অনুভূতির জন্ম হয়। মুখ্যমন্ত্রী বলেন, জনসংখ্যার নিরিখে কোনও রাজ্যে ১ শতাংশ রক্তের ইউনিট মজুত রাখতে হয়। সেই অনুযায়ী রাজ্যে বছরে প্রায় ৪০ হাজার ইউনিট রক্তের প্রয়োজন। প্রয়োজনীয় রক্ত এখন রক্তদানের মাধ্যমেই পূরণ করা যাচ্ছে। রাজ্যে ব্লাডব্যাঙ্ক রয়েছে ১৪টি। সরকারিভাবে ১২টি এবং বেসরকারিভাবে ২টি। ব্লাড কম্পোনেন্ট সেপারেশন ইউনিট রয়েছে ৬টি।

মুখ্যমন্ত্রী উপস্থিত আইনজীবীদের উদ্দেশ্যে বলেন, আইনজীবীদের নিজেদের পেশার মাধ্যমে সমাজের সেবা করার বিরাট সুযোগ রয়েছে। স্বচ্ছ কর্মসূচির মাধ্যমেই মানুষের বিশ্বাস অর্জন করা সম্ভব। সমাজে সবাই নিজ পেশার মধ্যে থেকেও মানুষের জন্য সেবামূলক কর্মসূচি চালিয়ে যাওয়া প্রয়োজন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও বলেছেন, মানুষের কাছে পৌঁছাতে পারলেই মানব জীবনের স্বার্থকতা আসে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডা. অশোক সিনহা। তাছাড়াও বক্তব্য রাখেন সমাজসেবী রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন আইনজীবী বিশ্বজিৎ দেব।
